

# 💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৩১১

বদান্যতা, কৃপণতা ও চারিত্রিক দোষ-ক্রটি পরিচ্ছেদঃ ১৪৫- মুমিন ব্যক্তি তিরস্কারকারী হতে পারে না।

بَابُ لَيْسَ الْمُؤْمِنُ بِالطَّعَّانِ

### আরবী

وَعَنْ عَبْدِ الْوَهَّابِ، عَنْ أَيُّوبَ، عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي مُلَيْكَةَ، عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا، أَنَّ يَهُودًا أَتُوا النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالُوا: السَّامُ عَلَيْكُمْ، فَقَالَتْ عَائِشَةُ: وَعَلَيْكُمْ، وَلَا يُنْكُمْ، وَلَا يُنْكُمْ، فَقَالَتْ عَائِشَةُ، عَلَيْكُ بِالرِّفْقِ، وَإِيَّاكِ وَالْعُنْفَ وَلَعَنَكُمُ اللَّهُ، وَغَضِبُ اللَّهُ عَلَيْكُمْ، قَالَ: مَهْلاً يَا عَائِشَةُ، عَلَيْكِ بِالرِّفْقِ، وَإِيَّاكِ وَالْعُنْفَ وَالْعُنْفَ وَالْفُحْشَ، قَالَتْ؛ رَدَدْتُ عَلَيْهِمْ، وَالْمُنْفِي مَا قَالُوا؟ قَالَ: أَوَ لَمْ تَسْمَعِي مَا قُلْتُ؟ رَدَدْتُ عَلَيْهِمْ، فَيُسْتَجَابُ لَهُمْ فِيَّ.

#### বাংলা

৩১১। আয়েশা (রাঃ) বলেন, কতক ইহুদী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হয়ে বললো, আসসামু আলাইকুম (তোমাদের মৃত্যু হোক)। আয়েশা (রাঃ) বলেন, 'ওয়া আলাইকুম ওয়া লাআনাকুমুল্লাহু ওয়া গাদিবাল্লাহু আলাইকুম' (তোমাদের উপর-ই, আল্লাহ তোমাদেরকে অভিশপ্ত করুন ও ক্রোধ নিপতিত করুন)। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ থামো আয়েশা! নমতা অবলম্বন করো এবং অবশ্যই অল্লীল ও কর্কষ ভাষা ব্যবহার করো না। আয়েশা (রাঃ) বলেন, আপনি কি শুনেননি তারা কি বলেছে? তিনি বলেনঃ তুমি কি শুনোনি যে, আমি কি বলেছি? আমি তো তাদের একই প্রতিউত্তর দিয়েছি। তাদের ব্যাপারে আমার দোয়া তো কবুল হবে। কিন্তু আমার ব্যাপারে তাদের বক্তব্য কবুল হবে না (বুখারী, মুসলিম, তিরমিয়ী, নাসাঈ, ইবনে মাজাহ)।

### **English**

'A'isha reported that some Jews came to the Prophet, may Allah bless him and grant him peace, and said, "Poison ('sam' instead of 'salam') be upon you." 'A'isha said, "And upon you and may the curse of Allah and the anger of Allah be upon you!" The Prophet said, "Easy, 'A'isha, you must be gentle. Beware of harshness and coarseness." She asked, "Didn't you hear what they said?" He said, "Didn't you hear what I said? I repeated it to them and what I said about them will be accepted and what they said about me will



## not be accepted."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন